গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ১১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান
সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

তারিখ ও সময় ঃ ২২ জুন, ২০১৭

সময় ঃ বেলা ৩.১৫ ঘটিকা

স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০, ভবন নং-৬)।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হ'ল।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির এক সভা সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির নির্দেশক্রমে সভায় নিম্নোক্ত বিষয়সমূহ উপস্থাপন করা হয়

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ। | সভায় আগত সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে গত ২৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | |
| ২.২ | দপ্তর/জেলা ও উপজেলা পর্যায়ে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট গণকে তৎপরতা বৃদ্ধিকরণ | ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ যাতে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেন সে বিষয়ে মাঠ পর্যায়ের সকল দপ্তরের কার্যক্রম নিয়মিত ফলোআপ করতে হবে। | ডিজি, ডিপিই |
| ২.৩ | দপ্তর/জেলা ও উপজেলা পর্যায়ে সেবা গ্রহিতাদের চাহিদা পূরণের লক্ষ্যে গণশুনানী গ্রহণ। দপ্তর/ অফিসের দৃশ্যমান স্থানে অভিযোগ বাক্স স্থাপন গণশুনানির রিপোর্ট এবং অভিযোগ বাক্সে প্রাপ্ত অভিযোগের বিবরণী প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণ। | (ক) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গণশুনানী অব্যাহত রাখতে হবে।<br><br>খ) নির্দেশনা অনুযায়ী বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ প্রতিমাসের শেষ কার্যদিবসে গণশুনানী গ্রহণ করছেন কিনা তা নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>গ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষন ইউনিট ও জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)-কে অনুরুপভাবে মাসে একবার গণশুনানীর ব্যবস্থা করতে হবে। | ক) ডিজি, ডিপিই<br><br>খ) ডিজি, ডিপিই<br><br>গ) ডিজি, সিপিই, বিএনএফই, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)। |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.৪ | প্রাথমিক বিদ্যালয়ে Assembly এর সময় অথবা প্রতিটি শ্রেণিতে ক্লাশ শুরুর পূর্বে প্রথম ১০ মিনিট নৈতিকতা সম্পর্কে শিক্ষার্থীদের সাথে আলোচনা, Parents day অনুষ্ঠান এবং নৈতিকতার বিষয়ে আলোচনা। | ক) মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের অফিসে আসার পথে আকস্মিকভাবে যে কোন প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করতে হবে। পরিদর্শন করতে গিয়ে আত্মশুদ্ধিমূলক বাণী (জাতীয় সংগীত ও পতাকা উত্তোলনসহ) প্রচার হয় কিনা তা যাচাই করতে হবে। Assembly এর সময় শিক্ষকগণ উপস্থিত থেকে শপথ বাক্য পাঠ করান কিনা দেখতে হবে। | ক) ডিজি, (সকল) বিভাগীয় উপ-পরিচালক (সকল), জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)। |
| ২.৫ | নৈতিকতা শিক্ষা কার্যক্রম জোরদার করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি নীতিমালা প্রণয়ন বিষয়ে আলোচনা। | শিক্ষকদের করণীয় ও দায়িত্ব কর্তব্য সম্পর্কিত নীতিবাক্য গুলি অন্তর্ভূক্ত করে নীতিমালা প্রণয়ন করতে হবে। আগামী ৩০/০৮/১৭ তারিখের মধ্যে নীতিমালা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজি, ডিপিই/নেপ |
| ২.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/দপ্তর প্রধানদের অংশগ্রহণে অনুষ্ঠেয় মাসিক সমন্বয় সভায় আলোচনা। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় আলোচনা অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ২.৭ | শুদ্ধাচার কৌশল সম্পর্কিত তথ্য প্রেরণ | শুদ্ধাচার কৌশল সম্পর্কিত তথ্য নির্ধারিত ছকে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) ডিজি, (সকল) |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.৩১.০০১.১৭- ৩৬৫

তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৪ / ২৬ জুলাই ২০১৭

বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
০৪। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
০৫। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
০৭। যুগ্ম-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। উপ-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। উপ-প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। পরিসংখ্যান কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। অফিস কপি।

২৬.০৭.১৭

(সুলতানা রাজিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৯১

D:\Shuddhachar\Rejulation.doc